

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৬.২৭.৩১৮.২০২০-

তাং-----/১৪২৭বঙ্গাব্দ।
/২০২০খ্রিষ্টাব্দ।**২য় কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু, আপনি জনাব মোসাঃ শিরীন আক্তার(পিতা-মোঃ আবুবকর সিদ্দিক), সিনিয়র স্টাফ নার্স, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারীকে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী গত ২৮/০৬/২০১৭খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে আপনার স্থানীয় কর্তৃপক্ষ ০৬/০৭/২০১৭খ্রিঃ তারিখে অনুপস্থিতির কারণ দর্শানোসহ কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলেও আপনি কর্মস্থলে যোগদান না করে অসুস্থতার কারণ জানিয়ে চিকিৎসার কাগজপত্র ব্যতীত ছুটি বর্ধিত করণের আবেদন প্রেরণ করেন। পরবর্তীতে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ২৮/০৭/২০১৭খ্রিঃ তারিখের ৪৮৭ সংখ্যক স্মারকে আপনাকে স্ব-শরীরে কর্মস্থলে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলেও আপনি অদ্যাবধি কর্তব্য কাজে যোগদান করেন নি। আপনার এরূপ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ আপনার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ২০/০৮/২০১৭খ্রিঃ তারিখের ৫৪৪ সংখ্যক স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৮/০২/২০১৮খ্রিঃ তারিখের ৪৬ সংখ্যক স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব প্রেরণ/দাখিল করেন নি বা কর্তব্য কাজে যোগদান করেন নি। এতে ০৩/০৭/২০১৮খ্রিঃ তারিখের ২৪৫ সংখ্যক স্মারকে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক চাকরি থেকে পলায়নের দায়ে বিভাগীয় মামলা দায়েরপূর্বক অভিযোগনামাসহ অভিযোগ বিবরণী আপনার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরণকৃত অভিযোগনামার পত্রটি প্রাপক না থাকায় ফেরৎ পাওয়া যায়। উক্ত দায়েরকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর নোটিশের কোন জবাব আপনি অদ্যাবধি দাখিল/প্রেরণ করেন নি বা কোনরূপ যোগাযোগ করেননি।

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের ০৪/০৪/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১শ-১৪/২০১৬/১৩৭ সংখ্যক স্মারকে গঠিত তদন্ত বোর্ড গঠন করা হয়।

যেহেতু ২৩/১২/০৪/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১শ-১৪/২০১৬/১৭৭ সংখ্যক স্মারকে আপনাকে তদন্ত বোর্ডের ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখের তদন্ত কার্যক্রমে উপস্থিত হওয়ার জন্য পত্র প্রেরণ করা হলেও আপনি তদন্ত কার্যক্রমে উপস্থিত হন নি।

যেহেতু ০৬/১১/২০১৯খ্রিঃ তারিখে তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক আনীত সরকারী চাকুরী থেকে পলায়নের অভিযোগ সুপস্টাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

সেহেতু, এক্ষনে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে উক্ত বিধির ৪(৩)(ঘ) বিধিমতে সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, আপনাকে নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, কেন আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal) করা হবে না এ সম্পর্কে ঐ একই বিধির ৭(৯) বিধি মোতাবেক এ পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

বর্তমান ঠিকানাঃ

- জনাব মোসাঃ শিরীন আক্তার,
পিতা-মোঃ আবুবকর সিদ্দিক,
সিনিয়র স্টাফ নার্স,
আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী।

স্থায়ী ঠিকানা

- জনাব মোসাঃ শিরীন আক্তার,
পিতা-মোঃ আবুবকর সিদ্দিক,
সিনিয়র স্টাফ নার্স,
গ্রামঃ দক্ষিণ সেনা খুন্দী(সরকার পাড়া), পোঃ সেনা খুন্দী, উপজেলাঃ সৈয়দপুর, জেলাঃ নীলফামারী।

স্বাঃ

(সিদ্দিকা আক্তার)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-info@dgnm.gov.bd


ফোন নং-৯১৩৬৭৬২।

নং-৪৫.০৩.০০০০.০০৬.২৭.৩১৮.২০২০-০৭/১(৯)

২৩/০৩/২০২০
/১৪২৭বঙ্গাব্দ।
/২০২০খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিভিল সার্জন, নীলফামারী।
- ৩। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী।
- ৪। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, নীলফামারী।
- ৫। উপপরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, নীলফামারী।
- ৭। সেবা তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী।
- ৮। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। অফিস কপি।


০৫/০৩/২০২০

(শোভা শাহনাজ)
উপসচিব
পরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।